**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-08-2024**
**Time: 07.20-07.25 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayat Election:**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়েছে আজ সকাল ৭টা থেকে। ভোট গ্রহণ চলবে বিকেল ৪টা পর্যন্ত। ত্রিস্তর পঞ্চায়েতে মোট ৬ হাজার ৯০৯টি আসনের মধ্যে ভোট হচ্ছে ২ হাজার ১০৩টি আসনে। প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন মোট ৪ হাজার ৭৬১ জন প্রার্থী। বাকি ৪৮০৬টি আসনে বিজেপি প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। ভোটপর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজ্য নির্বাচন কমিশন প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। প্রতিটি ভোট কেন্দ্রে ন্যূনতম তিনজন নিরাপত্তা কর্মী মোতায়ন করা হয়েছে। তবে স্পর্শ কাতর এবং অতি স্পর্শকাতর ভোটকেন্দ্রে প্রয়োজন অনুসারে তিন জনের বেশি নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে। রাজ্যের ৩৫টি ব্লকে মোট ভোট কেন্দ্র রয়েছে ২ হাজার ২১৯টি। ৩০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী সহ রাজ্যের প্রায় দশ হাজার নিরাপত্তা কর্মীকে ভোটের কাজে মোতায়েন করা হয়েছে।

রাজ্যের যেসব এলাকায় আজ পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে সেই সমস্ত এলাকায় সমস্ত সরকারি দপ্তর, আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, আর্থিক সংস্থা এবং অন্যান্য প্রতিষ্ঠান বন্ধ থাকবে। তাছাড়াও যে সমস্ত এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে সেখানে শিল্প প্রতিষ্ঠান, ফ্যাক্টরি আইন ১৯৪৮-এর আওতায় থাকা রাজ্য সরকারের অধীনস্ত সমস্ত প্রতিষ্ঠানের কর্মরত কর্মচারিগণের জন্য সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে।

*****************

**BSF DG:**

বিএসএফের মহানির্দেশক দলজিৎ সিং চৌধুরী গতকাল একদিনের সফরে আগরতলা এসে রাজ্যের ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে তিনি পর্যালোচনা বৈঠক করেন।

তিনি আগরতলার শালবাগানে ফ্রন্টিয়ার হেডকোয়ার্টারে বিএসএফের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। শ্রী চৌধুরী অনুপ্রবেশ এবং আন্তঃসীমান্ত অপরাধ প্রতিরোধে কর্তব্যরত বি.এস.এফ জওয়ানদের ভূমিকার প্রশংসা করেন।

শ্রী চৌধুরী ত্রিপুরা পুলিশের ডিজি অমিতাভ রঞ্জন এবং  পুলিশের গোয়েন্দা বিভাগের মহানির্দেশক অনুরাগের সঙ্গেও বৈঠক করেন।

*****************

**Finance bill 2024:**

লোকসভায় গতকাল অর্থ বিল, ২০২৪ পাশ হয়েছে৷ বিলটি পাস হওয়ায় ২০২৪-২৫ অর্থ বছরের জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক প্রস্তাবগুলি কার্যকর হল৷ লোকসভায় বিলের উপর আলোচনার উত্তরে, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন জোর দিয়ে বলেন যে ট্যাক্সের পদ্ধতি এবং কর আইনের আরও সরলীকরণ দেশে প্রবৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি করবে। অর্থমন্ত্রী বলেন, এই বাজেটে নতুন ব্যবস্থায় বেতনভোগী কর্মচারীদের জন্য স্ট্যান্ডার্ড ডিডাকশন ৫০ হাজার থেকে ৭৫ হাজার করা হয়েছে।  পেনশনভোগীদের জন্য পারিবারিক পেনশনের ছাড় ১৫ হাজার টাকা থেকে বাড়িয়ে ৩০হাজার টাকা করার প্রস্তাব করা হয়েছে।

অর্থমন্ত্রী জানান গত দুই বছরে মধ্যবিত্তদের যথেষ্ট ত্রাণ দেওয়া হয়েছে। তিনি বলেন যে কোভিড মহামারী চলাকালীন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশে কোভিড ব্যয় মেটাতে নাগরিকদের উপর কোনও কর চাপানো হয়নি।

অর্থমন্ত্রী বলেন, ২০২৪-২৫ সালের জন্য গত মাসের ৩১ তারিখ পর্যন্ত, রেকর্ড সংখ্যক ৭.২৮ কোটি আয়কর রিটার্ন দাখিল করা হয়েছে  যা গত বছরের তুলনায় ৭.৫শতাংশ বেশি।

এর আগে, আলোচনায় অংশ নিয়ে বিজেপির জগদম্বিকা পাল বলেন, অর্থ বিল ভারতকে একটি উন্নত দেশ হিসাবে গড়ে তোলার জন্য এই বছরের বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করবে।

কংগ্রেসের মুহাম্মদ হামদুল্লাহ সাঈদ অভিযোগ করেন যে সরকার কর্পোরেটদের আরও বেশি সুবিধা দিচ্ছে এবং জনগণের প্রদত্ত করের তুলনায় তাদের কর দায় কম। তিনি সরকারকে সূচক ইস্যুতে তার সিদ্ধান্ত পুনর্বিবেচনার আহ্বান জানান।

*****************

**Election-Rajyasabha :**

নির্বাচন কমিশন রাজ্যসভায় ত্রিপুরার একটি আসন সহ নয়টি রাজ্যের মোট ১২টি শূন্য আসনে নির্বাচনের দিনক্ষণ গতকাল ঘোষণা করেছে। অন্যান্য রাজ্য গুলি হল, আসাম, বিহার, হরিয়ানা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, রাজস্থান, তেলেঙ্গানা ও উড়িষ্যা। শূন্য আসনগুলিতে নির্বাচন অনুষ্ঠিত হবে তেসরা সেপ্টেম্বর। কমিশনের নির্ঘন্ট অনুযায়ী রাজ্যসভার ১২টি শূন্য আসনে নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে আগামী ১৪ আগস্ট। ঐদিন থেকেই মনোনয়নপত্র গ্রহনের কাজ শুরু হবে। চলবে একুশে আগস্ট পর্যন্ত। মনোনয়নপত্র পরীক্ষা করা হবে ২২শে আগস্ট। ত্রিপুরার ক্ষেত্রে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ২৬ আগস্ট। তেসরা সেপ্টেম্বর ভোট গ্রহণের পর ওই দিনই ভোট গণনা করা হবে। উল্লেখ্য, বিপ্লব কুমার দেব লোকসভার সংসদ হিসেবে নির্বাচিত হওয়ায় রাজ্যসভায় ত্রিপুরার একমাত্র আসনটি শূন্য হয়ে পড়ে।

*****************

**Bangladesh:**

বাংলাদেশে নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার আজ রাতে শপথ গ্রহণ করবে। গতকাল সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকের-উজ-জামান গণমাধ্যমকে একথা জানিয়ে বলেন, সরকারের সদস্য সংখ্যা এখনো চূড়ান্ত হয়নি। প্রাথমিকভাবে ১৫ জন

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে শপথ নিতে পারেন। তবে আরও দু-একজন যুক্ত হতে পারেন।

সেনাপ্রধান বলেন, ডক্টর ইউনূস আজ বেলা ২টা ১০ মিনিটে দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে।

আগামী তিন-চার দিনের মধ্যে বাংলাদেশের পরিস্থিতি স্বাভাবিক হবে বলে আশা প্রকাশ করেন জেনারেল ওয়াকার। তিনি বলেন, গত কয়েকদিনের অপরাধে যারা জড়িত তাদের রেহাই দেওয়া হবে না এবং তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য, গত বছর শ্রম আইন লঙঘনের অভিযোগে দায়ের করা মামলায় শ্রম আদালতের দেওয়া কারাদণ্ড থেকে খালাস পেয়েছেন ড. ইউনূস।

*****************

**Olyampic Games:**

প্যারিস অলিম্পিকের দ্বাদশ দিনে ভারোত্তোলনে মহিলাদের ৪৯ কেজি ওজন বিভাগে মীরাবাঈ চানু চতুর্থ স্থান পেয়েছেন। এই লড়াইয়ে মীরাবাঈ ১৯৯ কেজি ওজন তুলে অল্পের জন্য পদক হাতছাড়া করেন। এছাড়া কুস্তির ৫৩ কেজিতে অন্তিম পাংঘাল প্রি-কোয়ার্টার ফাইনালে হেরে বিদায় নেন। অপর কুস্তিগির ভিনেশ ফোগট ৫০ কেজি বিভাগে শরীরের বেশী ওজনের কারণে ফাইনালে খেলতে পারেন নি। ব্যাডমিন্টের দলগত মহিলা বিভাগের কোয়ার্টার ফাইনালে ভারত ১-৩ ম্যাচে জার্মানির কাছে হেরে বিদায় নেয়।

*****************

**Kalyan samittee Footbal:**

TFA পরিচালিত দ্বিতীয় ডিভিশন ফুটবল লিগের দ্বিতীয় খেলায় গতকাল কল্যাণ সমিতি ৫-২ গোলে মৌচাক ক্লাবকে পরাজিত করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত ম্যাচে কল্যাণ সমিতির হয়ে অবরন হরি জমাতিয়া এবং সুয়াম হুইপান হালাম দুটি করে গোল করেন। জন

জমাতিয়া একটি গোল করেন। মৌচাক ক্লাবের হয়ে মনিশ দেববর্মা এবং রবিন পুঁইয়া একটি করে গোল করেন।

*****************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু'এক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। রাজ্যের উত্তর ও ঊনকোটি জেলায় ভারী বর্ষণের সতর্কবার্তা রয়েছে।

*****************

*****************